দৈনিক বাংলা

তারিখ 28 JAN 1993
পৃষ্ঠা ৫ কলাম ৩

66

30

# প্রাথমিক বিদ্যালয়ে পাঠ্য বই

দেশের প্রাথমিক বিদ্যালয়গুলোতে সরকার প্রতি বছর পাঠ্য বই সরবরাহ করে থাকেন। এ সম্পর্কে আমার বক্তব্য হলো, প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষা শেষ হয় সাধারণত ডিসেম্বর মাসে এবং পরীক্ষার ফলও ঘোষণা করা হয় ডিসেম্বরের মধ্যেই। সুতরাং পরবর্তী বছরের পাঠ্য বই জানুয়ারীর প্রথম সপ্তাহেই ছাত্র–ছাত্রীদের হাতে পৌছানো হলে তাতে তাদের লেখা-পড়ার খুবই সুবিধা হয়। নিয়মানুযায়ী প্রাথমিক ছাত্র–ছাত্রীদের বই দেওয়ার সময়ও জানুয়ারীর প্রথম সপ্তাহ। কিন্তু বই পাচ্ছে তারা ফেব্রুয়ারী মাসে। এদিকে তাদের প্রথম সাময়িকী পরীক্ষা অনুষ্ঠিত হয় মার্চ মাসে। তাহলে প্রাথমিক বিদ্যালয়ের ছোট ছোট ছাত্র–ছাত্রীরা কি করে মাত্র এক মাসের ব্যবধানে এ পরীক্ষা দিতে পারবে এবং তাতে ভালো করবে? স্বাভাবিকভাবেই দেখা যায় প্রথম সাময়িকী পরীক্ষার ফল তাদের মোটেও সন্তোষজনক হচ্ছে না। এসব দিক বিবেচনা করে প্রাথমিক বিদ্যালয়গুলোতে যদি জানুয়ারী মাসেই বই দেওয়ার ব্যবস্থা হয় তাহলে ছোট ছোট ছেলেমেয়েদের পরীক্ষার ফল ও লেখাপড়ার মান উন্নত হবে বলে আমার বিশ্বাস। এ বিষয়ে দৃষ্টি দেয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানাচ্ছি।

আঃ রহমান
মুক্তি সরনী
বিশ্ব রোড, ঢাকা